রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪৫৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৪৯]

১৫/ যিকির-আযকার প্রসঙ্গে (كتاب الأذكار)

পরিচ্ছেদঃ ২৪৭: জিকিরের মহফিলের ফযীলত

(247) بَابُ فَضْلِ حِلَقِ الذِّكْرِوالنَّدْبِ إِلٰى مُلاَزَمَتِهَا وَالنَّهْيِ عَنْ مُفَارَقَتِهَا لِغَيْرِ عُذْرٍ

আরবী

وَعَنْ أَبِي وَاقِدٍ الحَارِثِ بنِ عَوفٍ رضي الله عنه: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم بَيْنَمَا هُوَ جَالِسٌ فِي المَسْجِدِ، وَالنَّاسُ مَعَهُ، إِذْ أَقْبَلَ ثَلاثَةُ نَفَرٍ، فَأَقْبَلَ اثْنَانِ إِلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم، وَذَهَبَ وَاحِدٌ ؛ فَوَقَفَا عَلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم. فَأَمَّا أَحَدُهُمَا فَرَأَى فُرْجَةً فِي الحَلْقَةِ فَجَلَسَ فِيهَا، وَأَمَّا الآخَرُ فَجَلَسَ خَلْفَهُمْ، وَأَمَّا الثَّالِثُ فَأَدْبَرَ ذَاهِباً . فَلَمَّا فَرَغَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، قَالَ: «أَلاَ أُخْبِرُكُمْ عَنِ النَّفَرِ الثَّلاَثَةِ: أَمَّا أَحَدُهُمْ فَأَوَى إِلَى اللهِ فَآوَاهُ اللهُ إِلَيْهِ . وَأَمَّا الآخَرُ فَاسْتَحْيَى فَاسْتَحْيَى اللهُ مِنْهُ، وَأَمَّا الآخَرُ، فَأَعْرَضَ، فَأَعْرَضَ اللهُ عَنْهُ». متفقٌ عَلَيْهِ

বাংলা

৩/১৪৫৭। আবূ ওয়াক্বেদ হারেস ইবনে আওফ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, একদা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মসজিদে বসেছিলেন এবং তাঁর সঙ্গে কিছু লোকও ছিল। ইতোমধ্যে তিনজন লোক আগমন করল। তাদের মধ্যে দু’জন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সামনে উপস্থিত হল এবং একজন চলে গেল। নবাগত দু’জন ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পাশে দাঁড়িয়ে রইল। তাদের একজন সভার মধ্যে ফাঁক দেখে সেখানে বসে পড়ল। আর অপরজন সভার পিছনে বসে গেল। আর তৃতীয় ব্যক্তি পিঠ ঘুরিয়ে প্রস্থান করল। যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অবসর পেলেন, তখন বললেন, “তোমাদেরকে তিন ব্যক্তি সম্পর্কে বলব না কি? তাদের একজন তো আল্লাহর কাছে আশ্রয় গ্রহণ করল, ফলে আল্লাহ তাকে আশ্রয় দান করলেন। আর দ্বিতীয়জন সে (সভার মধ্যে ঢুকে বসতে) লজ্জাবোধ করল, বিধায় আল্লাহও তাঁর ব্যাপারে লজ্জাশীলতা প্রয়োগ (করে তাকে রহম) করলেন। আর তৃতীয়-জন মুখ ফিরিয়ে নিলো, বিধায় আল্লাহও তার দিক থেকে বিমুখ হয়ে গেলেন।” (বুখারী ও মুসলিম) [1]

English

(247) Chapter: The Excellence of Gathering in which Allah is Remembered

Abu Waqid Al-Harith bin 'Auf (May Allah be pleased with him) reported:
The Messenger of Allah (ﷺ) was sitting in the mosque with his Companions when three people came to him. Two of them stepped forward to the Messenger of Allah (ﷺ) and the third went away. Those two men stood by the side of Messenger of Allah (ﷺ). One of them found a space in the circle and he filled it, while the other one sat behind him. When the Messenger of Allah (ﷺ) finished, he said, "Shall I not inform you about these three people? One of them sought refuge with Allah and Allah gave him refuge; the second one felt shy and Allah showed kindness to his shyness (and so he was accommodated in that meeting), and the last one averted, and so Allah turned away His Attention from him."

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith highlights the following three points:
1. The inducement for participation in the meetings held for the remembrance of Allah.

2. The merit of avoiding anything that causes inconvenience to people and distinction of those who are bashful.

3. The condemnation and evil consequences of avoiding, without any genuine reason, the meetings or gatherings which are held to remember Allah or to disseminate religious knowledg

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬৬, ৪৭৪, মুসলিম ২১৭৬, তিরমিযী ২৭২৪, আহমাদ ২১৪০০, মুওয়াত্তা মালিক ১৭৯১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন বর্ণনাকারীঃ আবূ ওয়াক্বেদ হারেস ইবনে আওফ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=27147

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন